২৬৪

দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT. 30 1999 ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ......

# শিক্ষকদের ৩ মাসের বেতন বাকী

রামগঞ্জ (লক্ষীপুর) সংবাদদাতা ॥ রামগঞ্জ থানার ১৯টি রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৭৪ জন শিক্ষক গত জুলাই মাস হইতে সেপ্টেম্বর মাস পর্যন্ত ৩ মাসের বেতন (অনুদান) ২৪শে অক্টোবর পর্যন্তও পায় নাই। অথচ এই শিক্ষকদের ২ মাস অন্তর বেতন পাওয়ার কথা। তাছাড়াও এই থানার ১০টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের ২০ জন শিক্ষক ৩ মাসের সম্মানী ভাতা হইতে বঞ্চিত রহিয়াছে ২৪শে অক্টোবর পর্যন্ত। ঢাকাস্থ ডিজি অফিস হইতে অর্থ বরাদ্দে বিলম্ব হওয়ায় ২৯টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন ও সম্মানী ভাতা বাকী পড়িয়া যায় বলিয়া রামগঞ্জ থানা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গিয়াছে।